ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬১৯

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''হাঁতুড়ে ডাক্তারের চিকিৎসায় সঙ্কটাপন্ন যুবক, কদমতলায় উত্তেজনা,” এই শিরোনামে স্যন্দনপত্রিকায় ও ''ভুয়া চিকিৎসকের কাণ্ডে চাঞ্চল্য ভুল চিকিৎসায় রোগী আশঙ্কাজনক,'' এই শিরোনামে আজকের ফরিয়াদ পত্রিকায় গত ৫ নভেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে, উত্তর জেলারমুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, অভিযোগ অনুযায়ী সন্তোষ নাথ নামে এক ব্যক্তি গত ২ নভেম্বর, ২০২৫ দুপুর প্রায় ৩টা ৩০মিনিট নাগাদ তীব্র পেটব্যথার কারণে নিজ বাসস্থানের নিকটবর্তী স্থানীয় একটি ফার্মেসিতে যান। সেখানে করুণা নাথ নামে এক ব্যক্তি তাকে একটি ইনজেকশন প্রদান করেন। ইনজেকশন নেওয়ার পর তার শারীরিক অবস্থার আরও অবনতি ঘটে। পরবর্তীতে, তাকে প্রথমে কদমতলা সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করা হয়। কিন্তু তার শারীরিক অবস্থার আরও অবনতি হয় এবং অক্সিজেনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় তাকে ধর্মনগরস্থিত উত্তর জেলা হাসপাতালে রেফার করা হয়। বর্তমানে তিনি জেলা হাসপাতালে চিকিৎসাধীন আছেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে চার সদস্যক একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

*****